



দুরালাপনী
অফিস : ০১৭৬৯-৪০০০৪০
হটলাইন : ০১৭৬৯-৪০৪০৬৯
অভিযোগ কেন্দ্র : ০১৭৬৯-৪০১৩২৩
ই-মেইল : khulnapbs@yahoo.com
ওয়েবসাইট : www.pbs.khulna.gov.bd

স্মারক নং-২৭.১২.৪৭১২.৫৬৭.০২.০০৮.২৪. ৪৩০১

তারিখঃ- ১৮ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০১ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

‘রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক)’ পদে নিয়োগ বিজ্ঞপ্তিঃ

খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর ও দাকোপ সাব-জোনাল অফিসের কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবার এবং বাপবিবোর্ডের মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও তাদের পরিবারের সদস্যদের চিকিৎসার জন্য ০১ (এক) জন রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক) নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রকৃত যোগ্যতাসম্পন্ন নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ


শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস ডিগ্রীধারী হতে হবে।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩। প্রার্থীকে খুলনা পল্লী বিদ্যুৎ সমিতির আওতাভুক্ত বটিয়াঘাটা/দাকোপ উপজেলায়/খুলনা জেলায় ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত থাকতে হবে কিংবা স্বাস্থ্যসেবা প্রদানের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। সেবার মান সন্তোষজনক হলে পরবর্তীতে উভয় পক্ষের সম্মতিতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হবে।
- ০৫। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে সম্মানী প্রদান করা হবে।
- ০৬। যে কোন পক্ষ এক মাসের (ত্রিশ দিন) পূর্ব নোটিশ প্রদান করে চুক্তি বাতিল করতে পারবেন।
- ০৭। সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন কমপক্ষে ০১ (এক) ঘন্টা খুলনা পবিস-এর সদর দপ্তরে উপস্থিত থেকে স্বাস্থ্যসেবা প্রদান করতে হবে। উক্ত কাজে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ০৮। পবিস/বাপবিবো এর কোন কর্মকর্তা/কর্মচারী ও তার পরিবার আপনার কর্মস্থল/বাসা/চেম্বারে স্বাস্থ্য বিষয়ক পরামর্শ ও ব্যবস্থাপত্রের জন্য গমন করলে অগ্রাধিকারভিত্তিতে তা প্রদান করতে হবে। এজন্য কোন ফি প্রদান করা হবে না।
- ০৯। দুর্ঘটনা বা জরুরী প্রয়োজনে সমিতির ভৌগোলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময় যেতে হতে পারে। এক্ষেত্রে অফিস কর্তৃক যাতায়াতের জন্য গাড়ীর সুবিধা প্রদান করা সম্ভব না হলে যাতায়াত ভাতা/ফি প্রদান করা হবে।
- ১০। শর্তাবলীতে উল্লেখ নাই এমন যে কোন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। আবেদনপত্রের প্রয়োজনীয় তথ্যাদিঃ

আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি, সাম্প্রতিকালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক নাগরিকত্ব সনদপত্র দাখিল করতে হবে।

উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ও শর্ত প্রতিপালনে ইচ্ছুক প্রার্থীগণকে আগামী ১৬/০৪/২০২৪খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন ডাকযোগে/কুরিয়ার সার্ভিস/সরাসরি খুলনা পল্লী বিদ্যুৎ সমিতি-এর সদর দপ্তরে আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।


(মোঃ জিব্বুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (সদয় অবগতি ও বহল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি আপনার নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ /পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি পরিদপ্তর), বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। জেলা প্রশাসক/পুলিশ সুপার, খুলনা।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৬। একান্ত সচিব, মাননীয় চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৭। ডিজিএম- সেনেরবাজার/ডুমুরিয়া/পাইকগাছা/কয়রা জোনাল অফিস/ (সদর-কারিগরী), খুলনা পবিস।
- ০৮। এজিএম (ওএন্ডএম), দাকোপ/তেরখাদা/শাহপুর সাব- জোনাল অফিস, খুলনা পবিস।
- ০৯। এজিএম (অর্থ/প্রশাসন/ওএন্ডএম/এমএস/ইএন্ডসি), খুলনা পবিস।
- ১০। এজিএম (আইটি), খুলনা পবিস (ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ১১। নোটিশ বোর্ড, খুলনা পবিস।
- ১২। অফিস/মাস্টার কপি।


জেনারেল ম্যানেজার
খুলনা পবিস।

